

মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

০৯ ফেব্রুয়ারি,
২০২৪ ১২:১৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজগুলোতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (৯ ফেব্রুয়ারি) সকাল ১০টা থেকে শুরু হয়ে এ পরীক্ষা ১১টায় শেষ হয়। রাজধানীসহ ১৫ জেলা ও

বিভাগীয় শহরের ১৯ কেন্দ্রের ৪৪ ভেন্যুতে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সরকারি-বেসরকারি ১১ হাজার ৬৭৫টি

আসনের বিপরীতে এবার পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ চার হাজার ৩৭৪ জন।

জানা গেছে, ৩৭টি সরকারি মেডিকেল কলেজে ৫৩৮০টি আসন এবং বেসরকারি পর্যায়ে অনুমোদিত ৬৭টি মেডিকেল কলেজে মোট ৬২৯৫টি আসনের বিপরীতে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সব মিলিয়ে ১০৪টি মেডিকেল কলেজের ১১ হাজার ৬৭৫টি আসনের জন্য এবার ১ লাখ ৪ হাজার ৩৭৪ জন ভর্তিচ্ছু আবেদন করেছিলেন বলে জানিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।